গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-এসএসসি/এইচএসসি/ভোক/প্রজেক্ট/১৫৭২/২০০৫/ তারিখ : /১২/২০১৯ খ্রিঃ

বিষয় : গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং BGMEA – SEIP Project এর আওতায় ট্রেঞ্চ-২ (সেপ্টেম্বর-ডিসেম্বর/২০১৯) পরিচালনার জন্য MoU এ স্বাক্ষরের জন্য নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র : গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/আরএমজি-৬৯(১)/১৭/৫৯২ তারিখ: ০৩/১২/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং BGMEA – SEIP Project এর আওতায় ট্রেঞ্চ-২ (সেপ্টেম্বর-ডিসেম্বর/২০১৯) পরিচালনার জন্য MoU চূড়ান্ত স্বাক্ষরের জন্য নির্দেশনা প্রদান সংক্রান্ত একখানা পত্র পাওয়া গেছে।

২। অধ্যক্ষ কর্তৃক পত্রে দেখা যায় যে, গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং BGMEA – SEIP Project এর সহিত Memorandum of Understanding (MoU) মোতাবেক গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে ট্রেঞ্চ-১ এর ০৭টি ব্যাচ সম্পন্ন করেছে। বর্তমানে ট্রেঞ্চ-২ এর ১ম ব্যাচটি (সেপ্টেম্বর-ডিসেম্বর/২০১৯) যথাযথভাবে চালু হয়েছে। উক্ত কোর্স পরিচালনার জন্য গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং BGMEA – SEIP Project এর সাথে ০১ অক্টোবর, ২০১৯ খ্রিঃ তারিখে Memorandum of Understanding (MoU) টি চূড়ান্ত স্বাক্ষরের জন্য গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে প্রেরণ করেছেন। উক্ত MoU চূড়ান্ত স্বাক্ষরের জন্য দিক নির্দেশনা প্রদানের জন্য অধ্যক্ষ বিশেষভাবে অনুরোধ করেছেন।

৩। BGMEA ও SEIP Project এর মধ্যে সম্পাদিত MoU সংগ্রহ করে তার আলোকে প্রতিষ্ঠানের স্বার্থ সংরক্ষিত হয়েছে কি-না তা যাচাইপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মোঃ আককাছ আলী সেখ)
পরিচালক (ভোকেশনাল) অ:দা:
কারিগরি শিক্ষা অধিদপ্তর

প্রাপক : অধ্যক্ষ
গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ
গাছা, গাজীপুর।

স্মারক নং-এসএসসি/এইচএসসি/ভোক/প্রজেক্ট/১৫৭২/২০০৫/ ৮২৯(৬) তারিখ : ২৯/১২/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১। ইকুইপমেন্ট অফিসার, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ সাজজাদ মুফতী)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।